

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২২৪

আগরতলা, ১৬ মার্চ, ২০২৪

রাজভবনে জাতীয় টিকাকরণ দিবস
টিকাকরণের মাধ্যমে সুরক্ষিত থাকার
উপর রাজ্যপালের গুরুত্ব আরোপ



আজ রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিয়েল নাল্লু জাতীয় টিকাকরণ দিবস- ২০২৪ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সহায়তায় রাজভবনে এই অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল টিকাকরণের প্রয়োজনীয়তা নিয়ে বক্তব্য রাখেন। রাজ্যপাল বলেন, সামগ্রিক টিকাকরণ শুরুর পূর্বে পোলিও, বসন্ত ইত্যাদি রোগে অনেকের জীবনহানি হতো। স্বাস্থ্যকর্মীগণ বর্তমানে বর্ষব্যাপী নিরলসভাবে সাধারণ মানুষের স্বাস্থ্য সুরক্ষায় কাজ করে চলছে। অনুষ্ঠানে টিকাকরণের মাধ্যমে সুরক্ষিত থাকার উপর রাজ্যপাল গুরুত্ব আরোপ করেন। রাজ্যপাল বলেন, এবছর প্রথমবারের মতো রাজভবনে জাতীয় টিকাকরণ দিবস উদযাপন করা হয়েছে।

অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিয়েল নাল্লু শিশুদের পোলিও ডোজ খাওয়ান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ রঞ্জন বিশ্বাস। উপস্থিতি ছিলেন রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক, জেলা টিকাকরণ আধিকারিক ডাঃ ঈষিতা গুহ, রাজভবনের দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্য আধিকারিক ডাঃ অম্বিল দত্ত।
